১৩৩

তারিখ ...14 MAY 1997 ...
পৃষ্ঠা ৮ কলাম ২

দৈনিক ইনকিলাব

## বাগেরহাটে পরীক্ষা কেন্দ্রে হাঙ্গামা ঃ অর্ধশত আহত ঃ পরীক্ষা বন্ধ

বাগেরহাট থেকে জেলা সংবাদদাতা ঃ ব্যাপক সংঘর্ষ ও ভাঙচুরের ফলে বাগেরহাট জেলার রামপাল কলেজ কেন্দ্র ও সেলিমাবাদ কলেজ উপকেন্দ্রে ১০ মে শনিবার ইংরেজী ২য় পত্রের পরীক্ষা বন্ধ হয়ে যায়। পৃথক সংঘর্ষে উক্ত ২টি কলেজ কেন্দ্রের কক্ষ পরিদর্শক, ছাত্র-ছাত্রী, কর্তব্যরত পুলিশ ও আনসারসহ প্রায় অর্ধশত ব্যক্তি আহত হয়েছে। এ সময় থানা নির্বাহী অফিসার ও ম্যাজিস্ট্রেটের গাড়িসহ ৬টি মোটর সাইকেল ভাঙচুর করা হয়। ২ জন কর্তব্যরত ম্যাজিস্ট্রেটকে প্রায় ২ ঘন্টা আটক করে রাখা হয়। রামপাল থানার নির্বাহী অফিসারের বাসভবনেও হামলা চালিয়ে ভাঙচুর করা হয়। রামপাল কলেজের ২ জন অধ্যাপক, রামপাল থানার ২ জন পুলিশ ও ১ জন আনসারকে গুরুতর আহত অবস্থায় ঝনঝনিয়া হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে রামপাল কলেজ কেন্দ্রে ৪ জন এবং মোড়েলগঞ্জের সেলিমাবাদ কলেজ উপকেন্দ্রে ২ জন ছাত্রকে বহিষ্কার করায় ছাত্ররা ক্ষিপ্ত হয়ে হল থেকে বেরিয়ে আসে এবং ভাঙচুর চালায়। তাদের সাথে বেশ কিছু বহিরাগত যোগ হয়ে হলে ঢুকে খাতা পত্রে অগ্নিসংযোগ করে।

ঐদিন বাগেরহাট জেলার ১১২টি পরীক্ষা কেন্দ্রে ১৯২ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়।